



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়,
বাগেরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

টেলিফোন : ০২৪৭৭৭৫১৭৫১, ০২৪৭৭৭৫১৭৫০
E-mail : crmbagerhat@krishibank.org.bd
Web : www.krishibank.org.bd

আকাবা/প্রশাসন-৬৭/২০২২-২০২৩/১২২১

তারিখ : ০৯/০১/২০২৩ ইং

**বিষয়ঃ অক্টোবর ২০২২ হতে ডিসেম্বর ২০২২ সময়কালের অর্থবছরের ২য় প্রান্তিকের
গুদাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব দেবদাস সরকার, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে), বাগেরহাট।
তারিখ ও সময় : ৯ জানুয়ারী, ২০২৩, বিকাল ৪.১০ ঘটিকা।
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট।
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।


সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ২য় প্রান্তিকের গুদাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি গত প্রান্তিকের গুদাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পর্যালোচনা করেন।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী মহাব্যবস্থাপক এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০২২-২০২৩ অর্থবছরের ২য় প্রান্তিকের সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩.২) করোনা মহামারী রোধকল্পে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচি যথাযথ ব্যক্তি ও খাত চিহ্নিত পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.৩) কার্যালয়সমূহের সকল কর্মকর্তা-কর্মচারী যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলবে, একই সাথে আগত সকল সেবা প্রত্যাশীগণ স্বাস্থ্যবিধি পালন করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।
- ৩.৪) গ্রাহক সেবা নিশ্চিতকল্পে আরো দ্রুততা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।
- ৩.৫) ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।
- ৩.৬) গত প্রান্তিকে সভার সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.৭) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পরবর্তী ত্রৈমাসিক সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.৮) ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ৩.৯) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ২১(একুশ)টি শাখা ও কার্যালয় সমূহে পরিপালনের জন্য অবহিত করতে হবে।


০৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রবিউল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
ও সদস্য সচিব
নৈতিকতা কমিটি


বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়
বাগেরহাট।


(বিপ্র বরন শিউলী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও সদস্য
নৈতিকতা কমিটি

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়
বাগেরহাট।


(মোঃ ফরহাদ হোসেন)
কর্মকর্তা
ও সদস্য
নৈতিকতা কমিটি

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,
বাগেরহাট।


(দেবদাস সরকার)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)
ও সভাপতি
নৈতিকতা কমিটি

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,
বাগেরহাট।